গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(কাস্টমস)

প্রজ্ঞাপন

তারিখ: **১৫ জ্যৈষ্ঠ, ১৪৩১** বঙ্গাব্দ/ **২৯ মে, ২০২৪** খ্রিষ্টাব্দ

এস.আর.ও. নং ২০৯-আইন/২০২৪/৬১/কাস্টমস।- কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) ধারা ২৬৩, ধারা ১২ এর উদ্দেশ্য পূরণকল্পে, তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:-

১। **শিরোনাম ও প্রবর্তন।-** (১) এই বিধিমালা ওয়্যারহাউস লাইসেন্সিং বিধিমালা, ২০২৪ নামে অভিহিত হইবে।

(২) আইনের ধারা ২৬৩ এর উপ-ধারা (৩) এর উদ্দেশ্য পূরণকল্পে, এই বিধিমালা আইন বাস্তবায়নের সঙ্গে সঙ্গে কার্যকর করা প্রয়োজন বিধায় এই বিধিমালা ৬ জুন, ২০২৪ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা।-** বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কিছু না থাকিলে, এই বিধিমালায়,-

(ক) **"আইন"** অর্থ কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন);

(খ) **"কমিশারিয়েট"** অর্থ ওয়্যারহাউস লাইসেন্সের আওতায় আমদানিকৃত খাদ্যদ্রব্য, সিগারেট, লিকার এবং অন্যান্য পানীয় দ্রবাদি কেবল রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চলের বিদেশি বিনিয়োগকারী, বিদেশি কর্মী ও বিদেশি কারিগরদের নিকট বিক্রয়ের অনুমোদিত প্রতিষ্ঠান;

(গ) **"ডিউটি পেইড বন্ড প্রতিষ্ঠান"** অর্থ বাংলাদেশে আগত বা অবস্থানরত বিদেশি নাগরিকদের নিকট বন্ড সুবিধার আওতায় আমদানিকৃত পণ্য শুল্ককর আদায় সাপেক্ষে বৈদেশিক মুদ্রার বিনিময়ে বিক্রয়কারী প্রতিষ্ঠান;

(ঘ) **"ডিউটি ফ্রি বন্ড প্রতিষ্ঠান"** অর্থ বিদেশগামী বা বিদেশ হইতে আগত কোনো যাত্রীর নিকট বন্ড সুবিধার আওতায় আমদানিকৃত পণ্য শুল্কমুক্তভাবে বৈদেশিক মুদ্রার বিনিময়ে বিক্রয়কারী প্রতিষ্ঠান;

(ঙ) **"ডিপ্লোমেটিক বন্ড প্রতিষ্ঠান"** অর্থ কূটনীতিক বা বিশেষ সুবিধাভোগী বিদেশি নাগরিকদের নিকট বন্ড সুবিধার আওতায় আমদানিকৃত পণ্য শুল্কমুক্তভাবে বৈদেশিক মুদ্রার বিনিময়ে বিক্রয়কারী প্রতিষ্ঠান;

Downloaded from www.taxvatpoint.com

(চ) **"তফসিল"** অর্থ এই বিধিমালার কোনো তফসিল;

(ছ) **"প্রচ্ছন্ন রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান"** অর্থ বৈদেশিক মুদ্রায় স্থাপিত ব্যাক টু ব্যাক ঋণপত্র (BBLC) এর বিপরীতে পশ্চাদসংযোগ শিল্প হিসাবে শতভাগ রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানে সরবরাহতব্য আনুষঙ্গিক দ্রব্যাদি উৎপাদন ও সরবরাহকারী শিল্প প্রতিষ্ঠান;

(জ) **"ফরম"** অর্থ এই বিধিমালার ফরম;

(ঝ) **যুগপৎ প্রচ্ছন্ন ও সরাসরি রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান:** অর্থ এমন কোনো শিল্প প্রতিষ্ঠান যাহা তৎকর্তৃক প্রস্তুতকৃত ও উৎপাদিত আংশিক পণ্য সরাসরি বিদেশে এবং আংশিক পণ্য বৈদেশিক মুদ্রায় স্থাপিত ব্যাক টু ব্যাক ঋণপত্র (BBLC) এর বিপরীতে পশ্চাদসংযোগ শিল্প হিসাবে সরাসরি রপ্তানিকারককে সরবরাহ করে;

(ঞ) **"লাইসেন্স"** অর্থ আইনের ধারা ১২ এর অধীন প্রদত্ত ওয়্যারহাউস লাইসেন্স;

(ট) **"লাইসেন্সি"** অর্থ এই বিধিমালার অধীন লাইসেন্সপ্রাপ্ত কোনো ব্যক্তি, প্রতিষ্ঠান বা কোম্পানি;

(ঠ) **"লাইসেন্সিং কর্তৃপক্ষ"** অর্থ বিধি ৩ এ উল্লিখিত লাইসেন্সিং কর্তৃপক্ষ;

(ড) **"লিয়েন ব্যাংক"** অর্থ লাইসেন্সিং কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত ব্যাংক, যাহার মাধ্যমে লাইসেন্সিকে যাবতীয় আমদানি, রপ্তানি ও ব্যবসায়িক কার্যক্রম পরিচালনা করিতে হইবে;

(ঢ) **"শিল্প প্রতিষ্ঠান"** অর্থ দেশীয় অথবা আমদানিকৃত কাঁচামাল ব্যবহার করিয়া উৎপাদন প্রক্রিয়ার মাধ্যমে দেশীয় ভোগের জন্য অথবা রপ্তানির জন্য পণ্য উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠান;

(ণ) **"সরাসরি রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান"** অর্থ এমন কোনো শিল্প প্রতিষ্ঠান যাহা তদকর্তৃক প্রস্তুতকৃত বা উৎপাদিত সমুদয় পণ্য দেশের ভৌগোলিক সীমানার বাহিরে বা বিদেশে বৈদেশিক মুদ্রার বিনিময়ে রপ্তানি করে; এবং

(ত) **"সাধারণ বন্ড" বা "জেনারেল বন্ড"** অর্থ আইনের ধারা ১২ এর উপ-ধারা (৩) ও ধারা ১০৯ এর উদ্দেশ্য পূরণকল্পে লাইসেন্সি কর্তৃক গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সহিত সম্পাদিত একটি বন্ড, যাহা লাইসেন্সি কর্তৃক বন্ডের আওতায় আমদানিকৃত পণ্য খালাস, অনুমোদিত ওয়্যারহাউস সংরক্ষণ ও ব্যবহারের জন্য নির্দেশিত অংকের অর্থ পরিশোধের নিশ্চয়তা প্রদান করিয়া থাকে।

Downloaded from www.taxvatpoint.com

৩। **লাইসেন্সিং কর্তৃপক্ষ।-** লাইসেন্সিং কর্তৃপক্ষ হইবে আইনের ধারা ১২ এর অধীন ক্ষমতাপ্রাপ্ত কোনো কমিশনার অব কাস্টমস (বন্ড) বা জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত যে কোনো কমিশনার অব কাস্টমস।

৪। **প্রয়োগ।-** এই বিধিমালার অধীন নিম্নবর্ণিত প্রতিষ্ঠানকে লাইসেন্স প্রদান অথবা, প্রযোজ্য ক্ষেত্রে, বন্ড রেজিস্ট্রেশন প্রদান করা যাইবে, যথা:-

(ক) সরাসরি রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান;

(খ) প্রচ্ছন্ন রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান;

(গ) ডিপ্লোমেটিক বন্ড প্রতিষ্ঠান, ডিউটি ফ্রি বন্ড প্রতিষ্ঠান, ডিউটি পেইড বন্ড প্রতিষ্ঠান এবং কমিশারিয়েট;

(ঘ) সরকারি ও বেসরকারি রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চলে অবস্থিত সরাসরি ও প্রচ্ছন্ন রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান;

(ঙ) বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল আইন, ২০১০ (২০১০ সনের ৪২ নং আইন) এর ধারা ৭ এর উপ-ধারা (১) এর দফা (ক)-তে উল্লিখিত রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকা এবং দফা (গ)-তে বর্ণিত বানিজ্যিক এলাকায় স্থাপিত সরাসরি ও প্রচ্ছন্ন রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান; এবং

(চ) বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সনের ৮ নং আইন) এর অধীন প্রতিষ্ঠিত হাই-টেক পার্কে স্থাপিত সরাসরি ও প্রচ্ছন্ন রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান।

৫। **লাইসেন্সের জন্য আবেদন।-** লাইসেন্স প্রাপ্তির জন্য কোনো ব্যক্তিকে সংশ্লিষ্ট লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট "তফসিল-১" এ সন্নিবেশিত ফরম পূরণপূর্বক এবং "তফসিল-২" এ উল্লিখিত দলিলাদি লিয়েন ব্যাংক কর্তৃক সত্যায়নপূর্বক সংযুক্ত করিয়া যথাযথ মূল্যমানের কোর্ট ফিসহ আবেদন করিতে হইবে।

৬। **লাইসেন্স প্রদান।-** (১) বিধি ৫ অনুযায়ী লাইসেন্সের জন্য আবেদন করা হইলে লাইসেন্সিং কর্তৃপক্ষ যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, আবেদনকারী লাইসেন্সের জন্য নির্ধারিত শর্তাবলি পূরণ করিয়াছেন, তাহা হইলে লাইসেন্সিং কর্তৃপক্ষ আবেদনকারীর নিকট হইতে উপ-বিধি (২) এ উল্লিখিত ফি আদায় করিয়া ৩০ (ত্রিশ) দিনের মধ্যে আবেদনকারীকে "তফসিল-৪" ফরমে লাইসেন্স প্রদান করিবে।

(২) লাইসেন্সিং কর্তৃপক্ষ কর্তৃক লাইসেন্স প্রদানের সিদ্ধান্ত গ্রহণের পর আবেদনকারী লাইসেন্স ফি বাবদ ১,০০,০০০ (এক লক্ষ) টাকা এবং প্রযোজ্য মূসক ও আয়কর (যদি থাকে), ট্রেজারি চালানের মাধ্যমে সংশ্লিষ্ট অর্থনৈতিক কোডে জমা প্রদান করিয়া ট্রেজারি চালানের মূল কপি ও স্বাক্ষরিত সাধারণ বন্ড সংশ্লিষ্ট লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট দাখিল করিবে।

Downloaded from www.taxvatpoint.com

(৩) নূতন ওয়্যারহাউস লাইসেন্স প্রদানের ক্ষেত্রে সহযোগী সকল প্রতিষ্ঠানের নিরীক্ষা হালনাগাদ থাকিতে হইবে এবং তাহাদের বিরুদ্ধে কোনো মামলার বিপরীতে বিচারাদেশের মাধ্যমে জরিমানা আরোপ করা হইলে লাইসেন্স প্রদানযোগ্য হইবে না:

তবে শর্ত থাকে যে, কোনো বিশেষ একজন Bonafide পরিচালক, অপর একজন খেলাপি পরিচালকের কারণে ব্যবসা করিতে ব্যর্থ হইলে বিষয়টি সুষ্ঠুভাবে তদন্ত করিয়া সংশ্লিষ্ট কমিশনার অব কাস্টমস (বন্ড) অথবা বোর্ড কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত অন্য কোনো কমিশনার অব কাস্টমস সুপারিশ করিলে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক তাহা পর্যালোচনা করিয়া প্রয়োজনীয় সিদ্ধান্ত প্রদান করা যাইবে।

৭। **ওয়্যারহাউসের ধারণক্ষমতা ও এককালীন বন্ডিং ক্যাপাসিটি।-** (১) লাইসেন্স প্রদানের পূর্বে প্রতিষ্ঠান সরেজমিনে পরিদর্শনকালে প্রতিষ্ঠানের কাঁচামালের ওয়্যারহাউস ও উৎপাদিত পণ্যের ওয়্যারহাউসের দৈর্ঘ্য, প্রস্থ ও উচ্চতা পরিমাপ করিয়া ওয়্যারহাউসের আয়তন হিসাব করিতে হইবে।

(২) উপ-বিধি (১) অনুযায়ী ওয়্যারহাউসের নিরূপিত আয়তন হইতে লোক চলাচল ও পণ্য উঠানো নামানোর জন্য ১০ (দশ) শতাংশ জায়গা বিয়োজন করিয়া অবশিষ্ট আয়তন বিবেচনাপূর্বক কাঁচামালের ধারণক্ষমতা নিম্নরূপে হিসাব করিতে হইবে, যথা:-

ওয়্যারহাউসের ধারণক্ষমতা = [{(ওয়্যারহাউসের আয়তন – আয়তনের ১০%) ÷ ১৩৬০} × ১২] মেট্রিক টন

এক্ষেত্রে, একটি ২০ ফুট কন্টেইনারের আয়তন ১৩৬০ ঘনফুট, এবং

একটি ২০ ফুট কন্টেইনারের সাধারণ বা গড় ধারণক্ষমতা ১২ মেট্রিক টন।

(৩) প্রতিষ্ঠানের নির্ধারিত বার্ষিক আমদানি প্রাপ্যতার এক-তৃতীয়াংশ এবং এই বিধির উপ-বিধি (২) অনুযায়ী নির্ধারিত ওয়্যারহাউসের ধারণক্ষমতা, উহার মধ্যে যাহা কম, তাহাই হইবে প্রতিষ্ঠানের ওয়্যারহাউসের এককালীন বন্ডিং ক্যাপাসিটি।

(৪) যে সকল প্রতিষ্ঠানকে বার্ষিক আমদানি প্রাপ্যতা প্রদান করা হয় না, সেই সকল প্রতিষ্ঠানের ক্ষেত্রে উপ-বিধি (২) অনুযায়ী নির্ধারিত ওয়্যারহাউসের ধারণ ক্ষমতাই উহার এককালীন বন্ডিং ক্যাপাসিটি হিসাবে গণ্য হইবে।

(৫) ওয়্যারহাউস লাইসেন্স গ্রহণ করিবার পর যে কোনো সময়ে লাইসেন্সিং কর্তৃপক্ষের অনুমোদনক্রমে বিদ্যমান ওয়্যারহাউসের পরিবর্তন ও নূতন ওয়্যারহাউস সংযোজন করা যাইবে এবং এই সকল ক্ষেত্রে উপ-বিধি (১), (২) ও (৩) অনুযায়ী ওয়্যারহাউসের ধারণক্ষমতা ও এককালীন বন্ডিং ক্যাপাসিটি পুনরায় নির্ধারিত হইবে।

(৬) এককালীন বন্ডিং ক্যাপাসিটির অতিরিক্ত পণ্য আমদানিযোগ্য হইবে না।

৮। **যন্ত্রপাতি স্থাপন ও সংযোজন।-** (১) আমদানিকৃত অথবা স্থানীয়ভাবে সংগৃহীত যন্ত্রপাতি প্রতিষ্ঠানে স্থাপন করিবার ১৫ (পনেরো) কার্যদিবসের মধ্যে সংগৃহীত মেশিনের আমদানি বা ক্রয় সংক্রান্ত দলিলাদি, যথা বি/ই, এলসি, ইনভয়েস, বিএল/এয়ারওয়ে বিল/ট্রাক চালান, Bangladesh Export Processing Zones

Downloaded from www.taxvatpoint.com

Authority (BEPZA) বা Bangladesh Economic Zones Authority (BEZA) কর্তৃক প্রদত্ত আইপি, মূসক চালানের কপি (প্রযোজ্য ক্ষেত্রে), মেশিন স্থাপন সংক্রান্ত ঘোষণা, মেশিনের ক্যাটালগ এবং স্থানীয়ভাবে ক্রয়কৃত/ আমদানিকৃত পুরাতন মেশিনের ক্ষেত্রে আয়ুষ্কাল, যাহা কমপক্ষে ১০ (দশ) বৎসর থাকিবার পক্ষে আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সার্ভেয়ার কোম্পানির আয়ুষ্কাল সনদসহ লাইসেন্সে সংযোজনের জন্য ডেপুটি কমিশনার অথবা অ্যাসিস্টেন্ট কমিশনার বরাবর আবেদন করিতে হইবে।

(২) রাজস্ব কর্মকর্তার নিম্নে নহে এমন কর্মকর্তা কর্তৃক কারখানা সরেজমিনে পরিদর্শন করিয়া দাখিলকৃত দলিলাদি মোতাবেক যন্ত্রপাতিসমূহ যথাযথভাবে প্রতিষ্ঠানে স্থাপন হইয়াছে কিনা তাহা নিশ্চিত হইয়া এবং প্রযোজ্য ক্ষেত্রে স্থাপিত যন্ত্রপাতির উৎপাদন ক্ষমতা নিরূপণপূর্বক দাখিলকৃত প্রতিবেদনের আলোকে লাইসেন্সিং কর্তৃপক্ষ তাহা সংযোজনের অনুমতি প্রদান করিবেন।

৯। **লাইসেন্সের মেয়াদ ।-** লাইসেন্সের মেয়াদ হইবে লাইসেন্স প্রদানের তারিখ হইতে ৩ (তিন) বৎসর।

১০। **লাইসেন্স নবায়ন।**— (১) ৩ বৎসরের মধ্যে, অন্যূন ১ বৎসরের আমদানি-রপ্তানি কার্যক্রম করা সাপেক্ষে, লাইসেন্সের মেয়াদ উত্তীর্ণ হইবার ৩০ (ত্রিশ) দিন পূর্বে লাইসেন্স নবায়ন ফি বাবদ বার্ষিক ১০,০০০/- (দশ হাজার) টাকা হারে ৩ (তিন) বৎসরের নবায়ন ফি এবং প্রযোজ্য মূসক ও আয়কর (যদি থাকে), ট্রেজারি চালানের মাধ্যমে সংশ্লিষ্ট কোডে জমা প্রদান করিয়া প্রয়োজনীয় দলিলাদি-

(ক) এসোসিয়েশনভুক্ত প্রতিষ্ঠানের ক্ষেত্রে লাইসেন্সি সংশ্লিষ্ট এসোসিয়েশনে জমা প্রদান করিবে এবং সংশ্লিষ্ট এসোসিয়েশন উক্ত নবায়ন সংক্রান্ত তথ্য ৩০ (ত্রিশ) দিনের মধ্যে কমিশনার অব কাস্টমস (বন্ড) অথবা বোর্ড কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত অন্য কোনো কমিশনার অব কাস্টমস বরাবরে প্রেরণ করিবে, এবং

(খ) এসোসিয়েশনভুক্ত নয় এমন প্রতিষ্ঠানের ক্ষেত্রে লাইসেন্সি সংশ্লিষ্ট কমিশনার অব কাস্টমস (বন্ড) অথবা বোর্ড কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত অন্য কোনো কমিশনার অব কাস্টমস বরাবরে জমা প্রদান করিবে।

(২) উভয় ক্ষেত্রে লাইসেন্সি প্রতিষ্ঠানের ৩ (তিন) বৎসরের মধ্যে কমপক্ষে ২ (দুই) বৎসরের নিরীক্ষা হালনাগাদ থাকা সাপেক্ষে লাইসেন্স স্বয়ংক্রিয়ভাবে পরবর্তী মেয়াদের জন্য নবায়িত হইবে:

তবে শর্ত থাকে যে, ৩ (তিন) বৎসরের অধিক সময় কোনো প্রতিষ্ঠান বন্ধ থাকিলে বা কোনো কার্যক্রম না থাকিলে প্রতিষ্ঠানের আবেদনের পরিপ্রেক্ষিতে কমিশনার অব কাস্টমস (বন্ড) অথবা বোর্ড কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত অন্য কোনো কমিশনার অব কাস্টমস যাচাই-বাছাইপূর্বক যেরূপ উপযুক্ত বিবেচনা করিবেন সেইরূপ সিদ্ধান্ত প্রদান করিবেন।

Downloaded from www.taxvatpoint.com

১১। **নিরীক্ষা** ।- (১) লাইসেন্সিকে প্রতি বৎসর তদ্‌সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নিরীক্ষা সম্পন্ন করিতে হইবে।

(২) রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানের লাইসেন্সের মেয়াদ ১ (এক) বৎসর সমাপ্ত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিনের মধ্যে সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠানের বার্ষিক নিরীক্ষার জন্য প্রয়োজনীয় দলিলাদি লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট জমা প্রদান করিয়া এবং নিরীক্ষার লক্ষ্যে প্রস্তুত থাকিতে হইবে।

(৩) উপ-বিধি (১) এর অধীন লাইসেন্সিং কর্তৃপক্ষ উক্ত দলিলাদি প্রাপ্ত হইবার পর পরবর্তী ৯০ (নব্বই) দিনের মধ্যে বার্ষিক নিরীক্ষা সম্পন্ন করিবে।

১২। **অব্যাহত বন্ড সুবিধা (Continous Bond)**।- (১) একই মালিকানাধীন একই প্রতিষ্ঠানের আওতায় একাধিক স্থানে একই কমিশনারেটের অধিক্ষেত্রে প্রতিষ্ঠিত বিভিন্ন স্তরে উৎপাদন ইউনিটের কার্যক্রমকে মূল ওয়্যারহাউস লাইসেন্সেপ্রাপ্ত প্রতিষ্ঠানের অংশ হিসাবে বিবেচনা করিবার অর্থাৎ বিদ্যমান লাইসেন্সি হিসাবে প্রাপ্ত সুবিধার নিরবচ্ছিন্ন বা বর্ধিতাংশ হিসাবে বিবেচনার ক্ষেত্রে Bangladesh Garment Manufacturers and Exporters Association. (BGMEA), Bangladesh Knitwear Manufacturers and Exporters Association (BKMEA), Bangladesh Terry Towel & Linen Manufacturers & Exporters Association (BTTLMEA), Bangladesh Textile Mills Association (BTMA), Leathergoods and Footwear Manufacturers and Exporters Association of Bangladesh (LFMEAB), Bangladesh Tanners Association (BTA) এবং Bangladesh Shipbuilders Association ভুক্ত নীট, ওভেন, ডাইং ও প্রিন্টিং, টাওয়েল, লিনেন, হোম টেক্সটাইল, লেদার ও ফুটওয়্যার, ট্যানারি এবং শিপ বিল্ডার্স খাতের প্রতিষ্ঠানকে দূরত্ব নির্বিশেষে মূল প্রতিষ্ঠানের সহিত অব্যাহত বন্ড সুবিধা প্রদান করা যাইবে।

(২) একই ওয়্যারহাউস লাইসেন্সের আওতায় সর্বোচ্চ ৩ (তিন) টি স্থানে অবস্থিত চলমান ৩ (তিন) টি একই জাতীয় কারখানার জন্য উক্ত সুবিধা প্রযোজ্য হইবে।

(৩) অব্যাহত বন্ড সুবিধাপ্রাপ্ত প্রতিষ্ঠানটি মূল ওয়্যারহাউস লাইসেন্সের আওতাধীন হইলেও সম্পূর্ণ পৃথক প্রতিষ্ঠান বা কারখানার অনুরূপ পৃথক হিসাব খাতা, রেজিস্টার, দলিলাদি সংরক্ষন এবং আনুষ্ঠানিকতা ও পদ্ধতি অনুসরণ করিতে হইবে।

১৩। **লাইসেন্স স্থগিত বা বাতিল এবং স্থগিতাদেশ প্রত্যাহার**।- (১) লাইসেন্সি নির্ধারিত সময়ের মধ্যে প্রয়োজনীয় দলিলাদি দাখিল না করিলে এবং নিরীক্ষার জন্য প্রস্তুত না থাকিলে কমিশনার অব কাস্টমস (বন্ড) অথবা বোর্ড কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত অন্য কোনো কমিশনার অব কাস্টমস প্রতিষ্ঠানের ব্যবসা সনাক্তকরণ নম্বর (বিআইএন) স্থগিতসহ লাইসেন্সের নবায়ন স্থগিত করিতে পারিবেন।

(২) উপ-ধারা (১) এর অধীনে লাইসেন্সের নবায়ন স্থগিত করা হইলে লাইসেন্সি প্রতিষ্ঠানের আবেদনের প্রেক্ষিতে এবং বার্ষিক নিরীক্ষা সম্পন্ন হওয়া সাপেক্ষে কমিশনার অব কাস্টমস (বন্ড) অথবা বোর্ড কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত অন্য কোনো কমিশনার অব কাস্টমস লাইসেন্স নবায়নের স্থগিতাদেশ প্রত্যাহার করিতে পারিবেন বা প্রয়োজনীয় কোনো নির্দেশনা প্রদান করিবেন।

Downloaded from www.taxvatpoint.com

(৩) লাইসেন্সিং কর্তৃপক্ষ আইনের ধারা ১২ এর উপ-ধারা (৪) ও (৫) এর অধীন নিম্নলিখিত কারণে কোনো প্রতিষ্ঠানের ওয়্যারহাউস লাইসেন্স ও সংশ্লিষ্ট আইনের অধীন ইস্যুকৃত ব্যবসা সনাক্তকরণ নম্বর (বিআইএন) স্থগিত করিতে পারিবেন অথবা লাইসেন্সিকে যুক্তিসঙ্গত কারণ দর্শানোর সুযোগ প্রদান করিয়া লাইসেন্স বাতিল করিতে পারিবেন, যথা:-

(ক) লাইসেন্সের মেয়াদ উত্তীর্ণের ৬০ (ষাট) দিনের মধ্যে নিরীক্ষার উদ্দেশ্যে প্রয়োজনীয় দলিলাদিসহ লাইসেন্স নবায়ন সংক্রান্ত তথ্য লাইসেন্সি অথবা সংশ্লিষ্ট এসোসিয়েশন কমিশনার অব কাস্টমস (বন্ড) অথবা বোর্ড কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত অন্য কোনো কমিশনার অব কাস্টমসের দপ্তরে প্রেরণ না করিলে;

(খ) ২ (দুই) বৎসরের অধিক সময়ের নিরীক্ষা কার্যক্রম অসম্পন্ন থাকিলে; এবং

(গ) আইন বা বিধিমালা বা লাইসেন্সের কোনো শর্ত ভঙ্গ করিলে।

তবে শর্ত থাকে যে, ওয়্যারহাউস লাইসেন্স বাতিল করা সত্ত্বেও কোনো প্রতিষ্ঠানের নিকট কোনো সরকারি পাওনা অনাদায়ী থাকিলে তাহার আদায় কার্যক্রম আইনের ধারা ১২ এর উপ-ধারা (৬) অনুযায়ী চলমান থাকিবে।

(৪) উপ-বিধি (১), (২) ও (৩) এ যাহা কিছুই থাকুক না কেন, ওয়্যারহাউসিং সুবিধায় আমদানিকৃত কাঁচামালের অবৈধ অপসারণ এবং জাল জালিয়াতির অপরাধ পর পর ৩ (তিন) বার প্রমাণিত হইলে প্রতিষ্ঠানের ওয়্যারহাউস লাইসেন্স সরাসরি বাতিল করা যাইবে।

১৪। **লাইসেন্স প্রদানের অধিক্ষেত্র।-** আইনের ধারা ১০ অনুযায়ী জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক প্রজ্ঞাপিত এলাকাসমূহ লাইসেন্স প্রদানের অধিক্ষেত্র হিসাবে বিবেচিত হইবে।

১৫। **লিয়েন ব্যাংক।-** (১) লিয়েন ব্যাংক বহির্ভূত কোনো লেনদেন করা যাইবে না।

(২) প্রত্যেক ওয়্যারহাউস লাইসেন্সধারী প্রতিষ্ঠানের লিয়েন ব্যাংক সংশ্লিষ্ট লাইসেন্সিং কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হইতে হইবে।

(৩) প্রতিষ্ঠানের শ্রেণীবিন্যাসকৃত ঋণ সম্পর্কে Credit Information Bureau (CIB) এর প্রতিবেদন ও সংশ্লিষ্ট লিয়েন ব্যাংকের অনাপত্তিপত্রসহ লিয়েন ব্যাংক সংযোজনের আবেদন করিতে হইবে।

(৪) বিদ্যমান ও সংযোজিতব্য লিয়েন ব্যাংকের অনাপত্তি দাখিল সাপেক্ষে ৩ (তিন) টি পর্যন্ত নূতন লিয়েন ব্যাংক সংযোজনের আবেদন সংশ্লিষ্ট কমিশনারেটের ক্ষমতাপ্রাপ্ত ডেপুটি কমিশনার বা অ্যাসিস্টেন্ট কমিশনার অব কাস্টমস পর্যায়ে নিষ্পত্তি করা যাইবে।

Downloaded from www.taxvatpoint.com

(৫) উপ-ধারা (৪) এ যাহা কিছুই থাকুক না কেন, নিম্নবর্ণিত শর্তপূরণ সাপেক্ষে, সংশ্লিষ্ট কমিশনার অব কাস্টমস (বন্ড) অথবা বোর্ড কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত অন্য কোনো কমিশনার অব কাস্টমস ৫ (পাঁচ) টি পর্যন্ত লিয়েন ব্যাংক সংযোজনের অনুমতি প্রদান করিতে পারিবেন, যথা:-

(ক) সংশ্লিষ্ট কিংবা বিগত অর্থবৎসরে প্রতিষ্ঠানের টার্নওভার অন্যূন ৫০ (পঞ্চাশ) মিলিয়ন ডলার হইলে;

(খ) প্রতিষ্ঠানটির নিরীক্ষা হালনাগাদ থাকিলে;

(গ) কোনো নিরঙ্কুশ বকেয়া না থাকিলে;

(ঘ) ইতোমধ্যে সংযোজিত সকল লিয়েন ব্যাংকের অনাপত্তি দাখিল করিলে; এবং

(ঙ) কোনো শ্রেণীবিন্যাসকৃত ঋণ না থাকিলে ।

(৬) লিয়েন ব্যাংকের অনুমতি প্রদান সংক্রান্ত পত্রের অনুলিপি সকল কাস্টম হাউস ও কাস্টমস স্টেশনে প্রেরণ করিতে হইবে।

(৭) বিদ্যমান লিয়েন ব্যাংক অথবা শাখা ব্যাংকের অনাপত্তিপত্র, কোনো শ্রেণীবিন্যাসকৃত ঋণ ও ওভারডিউ না থাকিবার প্রমাণক এবং সংযোজিতব্য লিয়েন ব্যাংকের CIB এর উদ্ধৃতিসহ অনাপত্তিপত্র দাখিল সাপেক্ষে লিয়েন ব্যাংক পরিবর্তন করা যাইবে।

(৮) লিয়েন ব্যাংকের অনাপত্তিপত্রসহ ব্যাংক ও শাখার নাম উল্লেখপূর্বক আবেদন করিয়া লিয়েন ব্যাংকের শাখা পরিবর্তন করা যাইবে।

(৯) উপরি-উল্লিখিত ক্ষেত্র ব্যতিত, অতিরিক্ত সংখ্যক লিয়েন ব্যাংক সংযোজনের প্রয়োজন হইলে প্রতিষ্ঠানের আবেদনের পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট কমিশনার অব কাস্টমস (বন্ড) অথবা বোর্ড কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত অন্য কোনো কমিশনার অব কাস্টমসের সুপারিশক্রমে জাতীয় রাজস্ব বোর্ড যেরূপ প্রয়োজন মনে করিবে সেইরূপ সংখ্যক লিয়েন ব্যাংক সংযোজনের অনুমতি প্রদান করিতে পারিবে।

১৬। **আর্থিক স্বচ্ছলতা।-** (১) আবেদনকারী লাইসেন্সের জন্য আবেদনপত্রের সহিত আর্থিক স্বচ্ছলতার প্রমাণ হিসাবে লিয়েন ব্যাংক কর্তৃক ইস্যুকৃত প্রত্যয়নপত্র দাখিল করিবে, যাহাতে ব্যাংক এই মর্মে প্রত্যয়ন করিবে যে, আবেদনকারীর সাধারণ বন্ড সম্পাদনের মত আর্থিক স্বচ্ছলতা রহিয়াছে।

(২) আবেদনকারীর আয়কর রিটার্নের সহিত দাখিলকৃত সম্পদ বিবরণীতে ব্যক্তির সাধারণ বন্ড সম্পাদনের মতো প্রয়োজনীয় আর্থিক স্বচ্ছলতা থাকিতে হইবে, যাহার সপক্ষে আয়কর বিভাগ কর্তৃক প্রত্যায়িত সম্পদ বিবরণী দাখিল করিতে হইবে।

(৩) প্রতিষ্ঠানের বিদেশি পরিচালকগণ (দেশে অবস্থান করুন বা না করুন) Private Investor (PI) Visa এবং আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন)

Downloaded from www.taxvatpoint.com

এর বাধ্যবাধকতা অনুযায়ী করদাতা সনাক্তকরণ নম্বর Tax Identification Number (TIN) দাখিল করিতে হইবে।

(৪) মালিকানা পরিবর্তন বা শেয়ার হস্তান্তরের ক্ষেত্রে মালিকানা বা শেয়ার গ্রহীতার জন্য উপ-বিধি (১), (২) ও (৩) এর বিধান প্রযোজ্য হইবে।

১৭। **সাধারণ বন্ড।-** সাধারণ বন্ড সম্পাদন এবং লাইসেন্স প্রাপ্তির পর লাইসেন্সি শুল্ক-কর পরিশোধ ব্যতিরেকে কাঁচামাল আমদানি, গুদামজাতকরণ ও উৎপাদিত পণ্য রপ্তানি করিতে পারিবেন এবং এই ক্ষেত্রে সাধারণ বন্ডের পরিমাণ নিম্নরূপে নির্ধারিত হইবে, যথা:-

(ক) প্রচ্ছন্ন রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানের জন্য ১ (এক) কোটি টাকার সাধারণ বন্ড;

(খ) সরাসরি রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানের জন্য ৩ (তিন) কোটি টাকার সাধারণ বন্ড;

(গ) যুগপৎ প্রচ্ছন্ন এবং সরাসরি রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানের জন্য ৩ (তিন) কোটি টাকার সাধারণ বন্ড; এবং

(ঘ) ডিপ্লোমেটিক বন্ড প্রতিষ্ঠান, ডিউটি ফ্রি বন্ড প্রতিষ্ঠান, ডিউটি পেইড বন্ড প্রতিষ্ঠান এবং কমিশারিয়েট এর জন্য ৩ (তিন) কোটি টাকার সাধারণ বন্ড।

১৮। **নমুনা স্বাক্ষর।-** ওয়্যারহাউস লাইসেন্সিং পদ্ধতির আওতায় কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে নির্দিষ্টকৃত দলিলাদিতে স্বাক্ষর প্রদানের লক্ষ্যে উপযুক্ত প্রতিনিধির স্বাক্ষর সত্যায়নপূর্বক সংশ্লিষ্ট দপ্তরসমূহে প্রেরণের অনুমতি চাহিয়া সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদ বা উপযুক্ত কর্তৃপক্ষের সিদ্ধান্তের কপি, যথাযথ মূল্যমানের স্ট্যাম্পে স্বাক্ষরসহ আবেদন ও প্রত্যয়ন এবং পরিচালকগণের জাতীয় পরিচয় পত্র বা পাসপোর্টের কপিসহ লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট আবেদন করিলে লাইসেন্সিং কর্তৃপক্ষ আবেদন যাচাইন্তে উহা অনুমোদন করিতে পারিবে।

১৯। **কারখানা স্থানান্তর।-** (১) কারখানা ভাড়ার চুক্তিপত্র বা মালিকানা দলিলের সত্যায়িত কপি, লে-আউট-প্ল্যান ও কারখানার অনুমোদিত নকশা, ট্রেড লাইসেন্স, Bangladesh Economic Zones Authority (BEZA) বা Bangladesh Export Processing Zones Authority (BEPZA) এর অনুমতি পত্র (প্রযোজ্য ক্ষেত্রে), লিয়েন ব্যাংকের অনাপত্তিপত্র এবং কারখানা স্থানান্তরকালে মেশিনারীজ, কাঁচামাল ও উৎপাদিত পণ্যের কোনোরূপ ক্ষয়ক্ষতি হইলে উহার দায়-দায়িত্ব লাইসেন্সি বহন করিবেন এই মর্মে যথাযথ মূল্যমানের নন-জুডিসিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা সংবলিত দলিলাদিসহ প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে আবেদনের ভিত্তিতে যৌক্তিক প্রয়োজনে, কারখানা সাময়িক স্থানান্তরের অনুমোদন প্রদান করা যাইবে।

(২) সাময়িক স্থানান্তর অনুমোদন প্রাপ্তির পরবর্তী ২ (দুই) মাসের মধ্যে কারখানা চূড়ান্ত স্থানান্তরপূর্বক নূতন ঠিকানা সংবলিত ভ্যাট নিবন্ধনের কপি, Import Registration

Downloaded from www.taxvatpoint.com

Certificate (IRC) ও Export Registration Certificate (ERC) কপি (প্রযোজ্য ক্ষেত্রে), আয়কর সনদপত্রের কপি, ফায়ার লাইসেন্সের কপি, বিদ্যুৎ বা জেনারেটরের সংযোগ সংক্রান্ত প্রত্যয়নপত্র এবং নূতন ওয়্যারহাউস লাইসেন্সের আবেদনকালে দাখিলকৃত প্রযোজ্য সকল দলিলাদির হালনাগাদ কপিসহ কারখানা চূড়ান্ত স্থানান্তরের অনুমোদনের জন্য লাইসেন্সিং কর্তৃপক্ষের বরাবর আবেদন দাখিল করিতে হইবে।

(৩) উপ-বিধি (২) এ উল্লিখিত দলিলাদিসহ আবেদন দাখিলের পর লাইসেন্সিং কর্তৃপক্ষ কর্তৃক গঠিত পরিদর্শন দল প্রতিষ্ঠান সরেজমিন পরিদর্শনপূর্বক মেশিনসমূহ যথাযথভাবে স্থাপনপূর্বক নূতন ঠিকানায় উৎপাদন শুরু হইয়াছে মর্মে প্রতিবেদন দাখিল করিলে চূড়ান্ত স্থানান্তরের অনুমোদন দেয়া হইবে।

২০। **মালিকানা পরিবর্তন।-** (১) ওয়্যারহাউস লাইসেন্সপ্রাপ্ত হইয়া ব্যবসায় কার্যক্রম পরিচালনার কোনো পর্যায়ে কোনো প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিষদে তথা মালিকানার ক্ষেত্রে সম্পূর্ণ বা আংশিক পরিবর্তন হইলে তফসিল-৩ এ উল্লিখিত দলিলাদিসহ প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে লাইসেন্সিং কর্তৃপক্ষ বরাবর আবেদন করিতে হইবে।

(২) প্রতিষ্ঠানের নিরীক্ষা হালনাগাদ থাকিলে, কোনো দায়দেনা না থাকিলে এবং নূতন লাইসেন্স প্রদানের ক্ষেত্রে প্রযোজ্য শর্তাবলি পরিপালিত হইলে পূর্বের ও নূতন মালিকগণের সাক্ষাৎকার গ্রহণ করিয়া লাইসেন্সিং কর্তৃপক্ষ মালিকানা পরিবর্তনের আবেদন মঞ্জুর করিতে পারিবেন।

(৩) আবেদন মঞ্জুর হইলে নূতন মালিকগণ কর্তৃক সাধারণ বন্ড বিধিমালা, ২০২৪ অনুযায়ী সাধারণ বন্ড দাখিল করিতে হইবে এবং পূর্ব হইতে বলবৎ সাধারণ বন্ডের মেয়াদ থাকিলে তাহা প্রতিস্থাপন করিতে হইবে, মেয়াদ না থাকিলে নূতন সাধারণ বন্ড সম্পাদন করিতে হইবে।

২১। **ওয়্যারহাউসে পণ্য সংরক্ষণের মেয়াদ।-** আইনের ধারা ১১৯ এর অধীন প্রণীত ওয়্যারহাউসে পণ্য সংরক্ষণের মেয়াদ নির্ধারণ বিধিমালা, ২০২৪ মোতাবেক ওয়্যারহাউসে পণ্য সংরক্ষণের মেয়াদ নির্ধারিত হইবে।

২২। **আমদানি প্রাপ্যতা।-** আইনের সংশ্লিষ্ট বিধানাবলি দ্বারা আমদানি প্রাপ্যতা নির্ধারিত হইবে।

২৩। **পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন অথবা বিয়োজন।—** লাইসেন্সি, লাইসেন্সিং কর্তৃপক্ষের অনুমোদনক্রমে, লাইসেন্সে উল্লিখিত তথ্যের পরিবর্তন করিতে পারিবেন।

২৪। **আপিল।-** লাইসেন্সিং কর্তৃপক্ষের যে কোনো সিদ্ধান্তের বিরুদ্ধে সংক্ষুব্ধ ব্যক্তি সিদ্ধান্ত প্রদানের ৩ (তিন) মাসের মধ্যে কাস্টমস, এক্সাইজ ও মূল্য সংযোজন কর আপিল ট্রাইব্যুনালে আপিল দায়ের করিতে পারিবেন।

Downloaded from www.taxvatpoint.com

২৫। **কাস্টমস বন্ড ম্যানেজমেন্ট সিস্টেমে কার্য সম্পাদন।-** (১) যে সকল কার্যক্রম কাস্টমস বন্ড ম্যানেজমেন্ট সিস্টেমে সম্পাদনযোগ্য, সেই সকল কার্যাবলি উক্ত সিস্টেমে সম্পাদিত হইবে।

(২) আমদানি-রপ্তানি কার্যক্রমের সহিত সংশ্লিষ্ট সকল সিস্টেমে যে কোনো তথ্যাদি প্রাপ্তি বা যাচাইয়ের নিমিত্ত সংশ্লিষ্ট কাস্টমস কর্মকর্তাগণের প্রয়োজনীয় অভিগমন সুবিধা থাকিবে।

২৬। **অন্যান্য প্রজ্ঞাপন ও বিধির প্রয়োগ।-** বন্ড সংক্রান্ত অন্যান্য প্রজ্ঞাপন ও বিধিমালা এই বিধিমালার পরিপূরক হিসাবে গণ্য হইবে।

২৭। **রহিতকরণ ও হেফাজত।-** (১) এই বিধিমালা কার্যকর হইবার সঙ্গে সঙ্গে বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সিং বিধিমালা, ২০০৮ এতদ্দ্বারা রহিত করা হইবে।

(২) উপ বিধি-১ এর অধীন রহিতকরণ সত্ত্বেও, রহিত বিধিমালার অধীন-

(ক) কৃত কোনো কার্য বা গৃহীত ব্যবস্থা এই বিধিমালার অধীন কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে; এবং

(খ) গৃহীত বা সূচিত কোনো কার্যধারা বা মামলা অনিষ্পন্ন বা চলমান থাকিলে উহা যতদূর সম্ভব রহিত বিধিমালার অধীন এমনভাবে নিষ্পন্ন করিতে হইবে যেন এই বিধিমালা প্রণীত হয় নাই।

Downloaded from www.taxvatpoint.com

Downloaded from www.taxvatpoint.com

[তফসিল-১]
[বিধি ৫ দ্রষ্টব্য]
ফরম-১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড

ওয়্যারহাউস লাইসেন্স আবেদনপত্র

অধ্যায়-A: ম্যানুফ্যাকচারিং ইউনিট এবং কর্পোরেট অফিস সংক্রান্ত তথ্য

১ তারিখ: ..../..../..... আবেদন নম্বর (শুধুমাত্র অফিসের ব্যবহারের জন্য) .....

২. আবেদনকারীগণের ছবি:

ছবি	ছবি	ছবি	ছবি	ছবি	ছবি

৩. ম্যানুফ্যাকচারিং ইউনিটের নাম: .....

৪. ফোন নম্বর: .....
ফ্যাক্স নম্বর: .....

ই-মেইল: .....

Downloaded from www.taxvatpoint.com

Downloaded from www.taxvatpoint.com

৫. কর্পোরেট হেড অফিসের ঠিকানা:

ফোন নম্বর:

ফ্যাক্স নম্বর:

ই-মেইল:

৬. ব্যবসায়িক অঙ্গন

৬এ. ☐ ভাড়া ☐ নিজস্ব

চুক্তি নম্বর

তারিখ / /

৬বি. একই অঙ্গনে পূর্বে কোনো বন্ডেড প্রতিষ্ঠান ছিল কিনা ☐ হ্যাঁ ☐ না

যদি হ্যাঁ হয়

প্রতিষ্ঠানের নাম:

৬সি. প্রধান উৎপাদিত পণ্য

৬ ডি. বন্ডের ধরণ:

Downloaded from www.taxvatpoint.com

Downloaded from www.taxvatpoint.com

সরাসরি রপ্তানিমুখী বন্ড	প্রচ্ছন্ন রপ্তানিমুখী বন্ড	যুগপৎ প্রচ্ছন্ন এবং সরাসরি রপ্তানিমুখী বন্ড।
অর্থনৈতিক অঞ্চলের রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকা এবং অভ্যন্তরীণ প্রক্রিয়াকরণ এলাকায় স্থাপিত শিল্প প্রতিষ্ঠান।	প্রিভিলেজড বন্ড (ডিপ্লোমেটিক/ ডিউটি ফ্রি/ডিউটি পেইড)	হাই-টেক পার্ক শিল্প প্রতিষ্ঠান
এক্সপোর্ট প্রোসেসিং জোন	অন্যান্য	

৭. TIN তারিখ / /

৮. বোর্ড অব ইনভেস্টমেন্ট/ BSCIC Registration নম্বর তারিখ / /

৯. ERC নম্বর তারিখ / /

১০. IRC নম্বর তারিখ / /

১১. ভ্যাট রেজিঃ নম্বর (BIN) তারিখ / /

১২. ট্রেড লাইসেন্স নম্বর তারিখ / /

১৩. ফায়ার তারিখ / /

Downloaded from www.taxvatpoint.com

Downloaded from www.taxvatpoint.com

লাইসেন্স নম্বর

১৪. সমিতির সদস্য পদের সনদপত্রে নম্বর বিজিএমইএ/ বিসিসিএএমইএ/ বিকেএমইএ/ বিপিজিএমএ/বিএলএমইএ/অন্যান্য----- তারিখ / /

১৫. লিয়েন ব্যাংক:

কোড	নাম	ঠিকানা	ফোন	ফ্যাক্স

Downloaded from www.taxvatpoint.com

Downloaded from www.taxvatpoint.com

অধ্যায়-B: মালিকানার তথ্য

১৬. মালিকানার প্রকৃতি

☐ ব্যক্তি মালিকানাধীন ☐ লিমিটেড ☐ অংশীদারী ☐ অন্যান্য.....

প্রোপ্রাইটর/চেয়ারম্যান অথবা ম্যানেজিং ডাইরেক্টর/ম্যানেজিং পার্টনারের তথ্য

টিআইএন তারিখ / /

জাতীয় পরিচয় পত্র নম্বর

পাসপোর্ট নম্বর

পিতা/স্বামীর নাম

বর্তমান ঠিকানা

স্থায়ী ঠিকানা

আবাসিক ফোন নম্বর:

(অনুগ্রহ করে প্রত্যেক পরিচালক/অংশীদারের জন্য পৃথকভাবে একই তথ্য সরবরাহ করুন)

১৭. লিমিটেড/অংশীদার কোম্পানির জন্য:

Downloaded from www.taxvatpoint.com

Downloaded from www.taxvatpoint.com

প্রত্যেক শেয়ার হোল্ডারের নাম ও ঠিকানা

(এ) নাম

(বি) পিতা/স্বামীর নাম

(সি) জাতীয় পরিচয় পত্র নম্বর

(ডি) পাসপোর্ট নম্বর

(ই) টিআইএন তারিখ / /

(এফ) বর্তমান ঠিকানা

(জি) স্থায়ী ঠিকানা

(এইচ) আবাসিক ফোন নম্বর:

(অনুগ্রহ করে প্রত্যেক পরিচালক/অংশীদারের জন্য পৃথকভাবে একই তথ্য সরবরাহ করুন)

অধ্যায়-C: উৎপাদিত পণ্য সংক্রান্ত তথ্য

Downloaded from www.taxvatpoint.com

Downloaded from www.taxvatpoint.com

১৮. উৎপাদিত পণ্যের বিবরণ:

ক্রমিক নম্বর	প্রডাক্ট কোড (প্রযোজ্য হলে)	বর্ণনা	H. S. Code	বার্ষিক উৎপাদন ক্ষমতা (প্রযোজ্য ক্ষেত্রে)	ইউনিট কোড

১৯. কাঁচামাল সংক্রান্ত তথ্য:

স্থাপিত মেশিন অনুযায়ী ব্যবহৃতব্য কাঁচামালের বিবরণ:

ক্রমিক নম্বর	H. S. Code	বর্ণনা	বার্ষিক উৎপাদন ক্ষমতা (প্রযোজ্য ক্ষেত্রে)	ইউনিট কোড

২০. কারখানার মোট আয়তন:

ক্রমিক	দৈর্ঘ্য (ফুট)	প্রস্থ (ফুট)	আয়তন (বর্গফুট)

২১. কাঁচামালের গুদামের আয়তন (প্রযোজ্য হলে):

ক্রমিক নং	দৈর্ঘ্য (ফুট)	প্রস্থ (ফুট)	উচ্চতা (ফুট)	ভলিয়্যুম (ঘনফুট)

২২. উৎপাদিত পণ্যের গুদাম (প্রযোজ্য হলে):

ক্রমিক নং	দৈর্ঘ্য (ফুট)	প্রস্থ (ফুট)	উচ্চতা (ফুট)	ভলিয়্যুম (ঘনফুট)

Downloaded from www.taxvatpoint.com

Downloaded from www.taxvatpoint.com

অধ্যায়-D: স্থাপিত মেশিন সংক্রান্ত তথ্যঃ

২৩. স্থাপিত মেশিনের মোট উৎপাদন ক্ষমতাঃ

ক্রমিক নম্বর	বর্ণনা	ব্র্যান্ড নাম	মডেল নম্বর	মেশিনের সংখ্যা	বার্ষিক উৎপাদন ক্ষমতা (প্রযোজ্য হলে)	ইউনিট কোড

২৪. বার্ষিক মোট উৎপাদন ক্ষমতা (বর্তমান ও চালু শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য):

ক্রমিক নম্বর	বর্ণনা	এইচ এস কোড	বার্ষিক উৎপাদন ক্ষমতা	ইউনিট কোড

অধ্যায়-E: মালিক/শেয়ার হোল্ডারগণের অন্যান্য ব্যবসা সংক্রান্ত তথ্য:

২৫. কোম্পানি/প্রতিষ্ঠানের নাম:

ঠিকানা :

বিআইএন তারিখ / /

(অনুগ্রহ করে প্রতিটি কোম্পানি/প্রতিষ্ঠানের জন্য একইরূপ তথ্য পৃথকভাবে উপস্থাপন করুন)

তারিখ : ...../...../.....

.....
স্বাক্ষর

.....
(লাইসেন্সির নাম/ (নূতন আবেদনকারী)

.....
পদবি

Downloaded from www.taxvatpoint.com

Downloaded from www.taxvatpoint.com

[তফসিল-১]
[বিধি ৫ দ্রষ্টব্য]
ফরম-২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড

ONLINE WAREHOUSE LICENSE APPLICATION FORM

Application number: Serial Number/Year
(For Office Use Only)

Information of Owner and Partners

1.	**Owner's Details**	
	Ownership Category	
	Percentage of Share	
	Value of Share	
	Name	
	Designation	
	TIN	
	Net Wealth/Asset	
	Mobile Number	
	Email Address	
	NID	

Downloaded from www.taxvatpoint.com

Downloaded from www.taxvatpoint.com

	Passport Number				
	Father's Name				
	Mother's Name				
	Permanent Address				
	Present Address	District		Upazila	
		Address Description			
	Photo	Signature			
2.	**Directors/Partners Information (for Limited/Partnerships Company)**				
	Name				
	Designation				
	Percentage of Share				
	Value of Share				
	TIN				
	Net Wealth/Asset				
	Mobile Number				
	Email Address				
	NID				
	Passport Number				
	Father's Name				
	Mother's Name				
	Permanent Address				
	Present Address	District		Upazila	
		Address Description			
	Photo	Signature			

Downloaded from www.taxvatpoint.com

Downloaded from www.taxvatpoint.com

3. Information About Authorized Signatory

Name	
Designation	
Country	
NID/Passport	
Present Address	
Permanent Address	
Mobile Number	
E-mail	

Information of Associate Business

4.	Associate Business Details	
	Name of the person who is doing Associate Business	
	Ownership Category	
	TIN of that person	
	NID	
	BIN of the Associate Business	
	Name of the Associate Business	
	TIN of the Associate Business	
	Address of the Associate Business	
	Nature of the Associate Business	
	Percentage of Share	
	Value of Share	
	Net Wealth/Asset	

[Please use separate sheet if needed]

Downloaded from www.taxvatpoint.com

Downloaded from www.taxvatpoint.com

Information of the Organization

5.	**Name of the Organization**				
6.	**Address of the Head Office**	District		Address Description	
		Thana		Mobile Number	
		Phone Number		Email ID	
7.	**Type of Bond**				
	Operational Area		**Type of Bond**		
	1. Domestic Tariff Area (DTA) 2. EPZ 3. Economic Zone 4. High Tech Park		1. Direct Export Bond 2. Deemed Bond 3. Direct & Deemed Bond 4. Home Consumption Bond 5. Diplomatic/Duty Paid Warehouse Bond 6. Duty Free Shop 7. Supervised Bond 8. Ship Store		
8.	**Equity Information**				
9.	**TIN**	Number		Issue Date	
10.	**BIDA/BSCIC Registration Certificate**	Number		Issue Date	
11.	**ERC**	Number		Issue Date	
12.	**IRC**	Number		Issue Date	

Downloaded from www.taxvatpoint.com

Downloaded from www.taxvatpoint.com

13.	**BIN**	Number		Effective date			
14.	**Trade License Certificate**	Number		Issue Date			
15.	**Fire License Certificate**	Number		Issue Date			
				Expiry Date			
16.	**Environmental Certificate (If Applicable)**	Number		Issue Date			
				Expiry Date			
17.	**Enrolment (If Any)**						
	A. Enrolled with [Please tick]		BGMEA		BKMEA		BGAPMEA
			BTMA		BTA		BPGMEA
			BCMEA		BLMEA		LFMEAB
			BTTLMEA		CGAG		
	B. Membership Number			Issue Date			
				Expiry Date			
18.	**Lien Bank**						

Sl. No.	Code	Name	Branch

Downloaded from www.taxvatpoint.com

Downloaded from www.taxvatpoint.com

Information of Manufacturing Unit

19.	**Address of the Manufacturing Unit**		District		Address Description		
			Thana		Mobile Number		
			Phone Number		Email ID		
20.	**Manufacturing Unit Premises [Please tick]**						
		Owned	Khotian		Mouza		
			CS Dag Number		RS Dag Number		
		Hired	Deed Number	Deed Date	Deed Expiry Date		
			CS Dag Number		RS Dag Number		

21.	**Description of Boundaries**			
	North		East	
	South		West	

22.	**Whether there was other bonded factory before at the same premises? [Please tick]**				
	Yes	Name		BIN	
				Bond License Number	
	No				

23.	**Area of the Factory**				
	Sl. No.	Length (ft)	Width (ft)	Area (SQ ft)	Description of the Factory

24.	**Volume of Raw Materials Warehouse**					
	Sl. No.	Length (ft)	Width (ft)	Height (ft)	Volume (CU ft)	Description of the Raw Materials Warehouse

Downloaded from www.taxvatpoint.com

Downloaded from www.taxvatpoint.com

25.	**Finished Goods Warehouse (If Applicable)**					
	Sl. No.	Length (ft)	Width (ft)	Height (ft)	Volume (CU ft)	Description of the Finished Goods Warehouse

Information of Manufactured Goods and Raw Materials

26.	**Main Products**					
27.	**Description of the Raw Materials (As Per the Registration Certificate of BIDA/BSCIC)**					
	Sl. No.	Name Of Raw Materials (Commercial Description)	HS Code	BCT Wise Description		
28.	**Description of the Finished Goods (As Per the Registration Certificate of BIDA/BSCIC)**					
	Sl. No.	Name Of Finished Goods (Commercial Description)	HS Code	BCT Wise Description	Annual Production Capacity	Unit

[Please use separate sheet if needed]

Downloaded from www.taxvatpoint.com

Downloaded from www.taxvatpoint.com

Information of Installed Machineries

29.	**Description of the Machineries**					
	Machine Category					
	Machine Particulars					
	Brand Name					
	Model Number					
	HS Code of Machine					
	Country of Origin					
	Manufacturing Year		Date of Installation			
	Quantity		Life Cycle of Machine			
	Hyperlink to Web Address of Machine Catalogue					
	Value BDT		Physical Condition			
	Main/Auxiliary Machine		Annual Production Capacity			
			Unit			
	Invoice Information [Please tick]					
	Local Purchase	BIN No.		Name		
		Address		VAT Challan No.		
		Bill of Entry No.		VAT Challan Date		
		Bill of Entry Date		Life Span of Machine		
		BL No.		Invoice No.		
		BL Date		Invoice Date		
		LC No.		Invoice Amount		
		LC Date		Number Of Machines		
		LC Amount				
	International Purchase	Bill of Entry No.		Bill of Entry Date		
		BL No.		BL Date		
		Invoice No.		Invoice Date		

Downloaded from www.taxvatpoint.com

Downloaded from www.taxvatpoint.com

		Invoice Amount		LC No.	
		LC Date		LC Amount	
		Number Of Machines			

30. Indemnity Bond/Undertaking for Imported Machineries (if any)

Installed Machine Name		Model Number	
B/E No.		B/E Date	
Indemnity Bond/Undertaking No.		Indemnity Bond/Undertaking Date	
Cash Memo/VAT Challan/ Voucher No		Cash Memo/VAT Challan/ Voucher Date	
Due Date of Release		Actual Date of Release	
Number of Machines			

31. If Machineries are purchased from other Bonded Factory (After Release of Indemnity Bond/Undertaking by Importer)

Bonder Name		Bond License Number	
Machine Name		Number of Machines	
B/E No.		B/E Date	
Clearance Certificate Number (From BIDA/BSCIC/Other)		Clearance Certificate Date	
Permission from Bond Authority		Permission from Bond Authority Date	
Cash Memo/VAT Challan/ Voucher No		Cash Memo/VAT Challan/ Voucher Date	
Transferor Lien Bank NOC Number		Transferor Lien Bank NOC Date	

Bank Name		District		Branch	

32. <u>Raw Materials Wise Main and Auxiliary Machineries and Production Capacities</u>

SL. No.	Name Of Raw Materials (Commercial Description)	H.S Code	Main Machine Particulars	Quantity of Main machine of this type	Auxiliary Machine Particulars	Quantity of Auxiliary machine of this type	Annual Main Machine Production Capacity	Unit

[Please use separate sheet if needed]

Downloaded from www.taxvatpoint.com

Downloaded from www.taxvatpoint.com

33. Clearing and Forwarding Agent (C & F agent)

SL No.	C&F Agent Name	Issue Date	AIN	Address

34. Information of Entitlement

Raw Materials Commercial Type (Auto Fill)	
Raw Materials Name (Auto Fill)	Main Machine Name (Auto Fill)

35. Required Documents

1.

[Please use separate sheet if needed]

36. Declaration (By Chairman/Partner/MD/Proprietor/Sole Partner)

I hereby solemnly declare that all the above information is correct and nothing has been concealed. I am aware that giving false information or concealing any information is a legal offence.

Name (In Block Letters)		Designation	
Mobile Number		Signature	
Seal		Date	

37. Office Zone Selection

Customs Bond Commissionerate/ Custom House/ Customs Excise & VAT Commissionerate

Downloaded from www.taxvatpoint.com

Downloaded from www.taxvatpoint.com

Downloaded from www.taxvatpoint.com

Downloaded from www.taxvatpoint.com

[তফসিল-২]
[বিধি ৫ দ্রষ্টব্য]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড

লাইসেন্সের জন্য আবশ্যকীয় দলিলাদি

ক্রমিক নং	বিবরণ
১.	যথাযথ মূল্যমানের কোর্ট ফিসহ আবেদন।
২.	BoI/BSCIC এর রেজিস্ট্রেশন সনদপত্র।
৩.	কোম্পানির টিআইএন সনদসহ পরিচালক/মালিকের আয়কর বিভাগ কর্তৃক ইস্যুকৃত সম্পদ বিবরণী (আইটি১০বি) এর সার্টিফাইড কপি।
৪.	হালনাগাদ ট্রেড লাইসেন্স।
৫.	হালনাগাদ ফায়ার লাইসেন্স।
৬.	মূল্য সংযোজন কর নিবন্ধন সনদ (VAT Registration Certificate) ।
৭.	সংশ্লিষ্ট এসোসিয়েশনের সুপারিশপত্র (প্রযোজ্য ক্ষেত্রে) । [সংশ্লিষ্ট এসোসিয়েশনের সদস্য নন এইরূপ ব্যবসায়ীগণ এসোসিয়েশনের সুপারিশপত্র ছাড়াই সরাসরি ওয়্যারহাউস লাইসেন্সের জন্য আবেদন করিতে পারিবেন]
৮.	প্রতিষ্ঠানের মালিক/পরিচালকদের নাম, পদবি, বর্তমান ও স্থায়ী ঠিকানা, জাতীয় পরিচয়পত্রের কপি, পাসপোর্ট এর কপি (প্রযোজ্য ক্ষেত্রে), স্বাক্ষর এবং ছবি নোটারি পাবলিক ও লিয়েন ব্যাংক কর্তৃক সত্যায়নপূর্বক ১৫০ (একশত পঞ্চাশ) টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে দাখিল।
৯.	বয়লার সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে) ।
১০.	জয়েন্ট স্টক কোম্পানির মেমোরেন্ডাম এন্ড আর্টিকেলস অব এসোসিয়েশন এবং সার্টিফিকেট অব ইনকরপোরেশনের একটি করিয়া স্বতন্ত্র মূল বই (প্রযোজ্য ক্ষেত্রে) ।
১১.	মেশিনারী আমদানির ক্ষেত্রে Invoice ও B/E এবং স্থানীয় ক্রয়ের ক্ষেত্রে ক্রয় সংক্রান্ত দলিলাদির সত্যায়িত ফটোকপি।
১২.	প্রস্তাবিত বন্ডেড ওয়্যারহাউজের ২ (দুই) কপি নীল নকশা যাহা এমোনিয়া প্রিন্ট পেপারে প্রস্তুতকৃত ও সার্টিফাইড ইঞ্জিনিয়ার কর্তৃক প্রতি স্বাক্ষরিত।
১৩.	কারখানার মালিকানা দলিল কিংবা ভাড়ার ক্ষেত্রে নোটারীকৃত চুক্তিপত্র। (ভাড়াকৃত জায়গা ত্যাগের পূর্বে বাড়ির মালিক কর্তৃক কমিশনার-কে অবগত করিবার মুচলেকাপত্র)
১৪.	ব্যবসা পরিচালনাকালে দেশে প্রচলিত সংশ্লিষ্ট সকল আইন ও বিধি-বিধান মানিয়া চলিবার অঙ্গীকারসহ ৩০০ (তিনশত) টাকার অথবা স্ট্যাম্প আইন অনুযায়ী নির্ধারিত মূল্যের নন জুডিসিয়াল স্ট্যাম্পে হলফনামা।
১৫.	কারখানার চতুর্দিকে নিরাপত্তা বেষ্টনি এবং একই ইন্ডাস্ট্রিয়াল এরিয়ার মধ্যে স্থাপিত গ্রুপ অব ইন্ডাস্ট্রিজে স্থাপিত প্রতিষ্ঠানসমূহের ক্ষেত্রে একই ধরনের নিরাপত্তা বেষ্টনি থাকিবার নকশা যাহা সার্টিফাইড ইঞ্জিনিয়ার কর্তৃক

Downloaded from www.taxvatpoint.com

	প্রতিস্বাক্ষরিত হইতে হইবে।
১৬.	কারখানার ভিতরে অবস্থিত কাঁচামাল ও ফিনিশড গুডস এর জন্য নির্ধারিত ওয়্যারহাউস আন্তর্জাতিক মানসম্মত হইতে হইবে। অর্থ্যাৎ বন্ডেড কাঁচামালের জন্য নির্ধারিত ও ওয়্যারহাউসের ভিতরে কোনো ইউটিলিটি সংযোগ বা ইলেকট্রিক্যাল ওয়্যার থাকিবে না এবং ওয়্যারহাউসের ভিতরে পর্যাপ্ত আলো বাতাস প্রবেশের ব্যবস্থা থাকিবে।
১৭.	গুদামসহ প্রতিষ্ঠানের আয়তন অন্যূন ৫ (পাঁচ) হাজার বর্গফুট হইতে হইবে।
১৮.	প্রতিষ্ঠান যদি ভাড়াকৃত স্থানে স্থাপিত হয় সেক্ষেত্রে অন্যূন ১০ (দশ) বৎসরের ভাড়ার চুক্তি দাখিল করিতে হইবে এবং উক্ত স্থানে ইতোপূর্বে কোনো ওয়্যারহাউস লাইসেন্সে প্রাপ্ত প্রতিষ্ঠান ছিলো কিনা তাহা ভাড়া প্রদানকারী প্রতিষ্ঠান হইতে প্রত্যয়িত হইতে হইবে।
১৯.	প্রতিষ্ঠানের নিজস্ব নামে জ্বালানি সংযোগ থাকিতে হইবে, তবে একই হোল্ডিং এ একাধিক প্রতিষ্ঠান হইলে সাব-মিটার হইতে পারিবে।
২০.	আবেদনকারী যদি উৎপাদন কার্যক্রমের জন্য স্থানীয় উৎস হইতে পূর্বে আমদানিকৃত ও ব্যবহৃত যন্ত্রপাতি ও যন্ত্রাংশ সংগ্রহ করিয়া থাকে, তাহা হইলে তাহার আয়ুষ্কাল নির্ধারণের ক্ষেত্রে আন্তর্জাতিক সার্ভেয়ার প্রতিষ্ঠান কর্তৃক অন্যূন ১০ (দশ) বৎসর কর্মক্ষম থাকিবে, এই মর্মে Life Span Certificate সংগ্রহপূর্বক আবেদনের সহিত দাখিল করিতে হইবে। এছাড়া, উক্ত যন্ত্রপাতি ও যন্ত্রাংশ সংগ্রহের ক্ষেত্রে প্রযোজ্য মূল্য সংযোজন কর (মূসক) পরিশোধের দালিলিক প্রমাণাদি, মেশিনের আমদানি সংশ্লিষ্ট বিল অব এন্ট্রি, ইনভয়েস ও প্যাকিং লিষ্ট দাখিল করিতে হইবে এবং মেশিনারীজের অন্যূন মূল্য ৪০ (চল্লিশ) লক্ষ টাকা হইতে হইবে।
২১.	লিমিটেড কোম্পানির ক্ষেত্রে পরিশোধিত মূলধন অন্যূন ১ (এক) কোটি টাকা এবং একক/অংশীদারি মালিকানার ক্ষেত্রে অন্যূন টার্নওভার ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা হইতে হইবে।
২২.	ব্যবসায়িক কার্যক্রম অন্যূন ৬ (ছয়) মাস সফলভাবে পরিচালনার পরবর্তীতে ওয়্যারহাউস লাইসেন্সের জন্য আবেদনযোগ্য হইবে।

Downloaded from www.taxvatpoint.com

Downloaded from www.taxvatpoint.com

[তফসিল-৩]
[বিধি ২০ দ্রষ্টব্য]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড

লাইসেন্সের মালিকানা পরিবর্তনের জন্য প্রয়োজনীয় দলিলাদি

ক্রমিক নং	বিবরণ
১.	যথাযথ মূল্যমানের কোর্ট ফিসহ আবেদন
২.	মালিকানা সংযোজনের বিষয়ে কোম্পানির পরিচালনা পর্ষদের সভার সিদ্ধান্ত
৩.	প্রযোজ্য ক্ষেত্রে BEZA বা BEPZA অনুমোদিত সংযোজিত মালিকানা কাঠামো
৪.	জয়েন্ট স্টক কোম্পানি অনুমোদিত শেয়ার হোল্ডার এবং পরিচালকগনের তালিকা, পরিচালক, ব্যাবস্থাপক এবং ম্যানেজিং এজেন্টগণের তথ্য বিবরণী, শেয়ার হস্তান্তর ঘটিলে তাহার দলিলাদি
৫.	যথাযথ মূল্যমানের নন-জুডিসিয়াল স্ট্যাম্পে নোটারীকৃত নূতন মালিকগণের নাম, পিতার নাম, পদবি, বর্তমান ও স্থায়ী ঠিকানা, নমুনা স্বাক্ষর, ছবি
৬.	প্রযোজ্য ক্ষেত্রে ওয়ারিশ সনদ ও অন্যান্য ওয়ারিশের অনাপত্তিপত্র, পূর্বের এবং পরবর্তীকালে উদ্ভূত দায়-দেনা বহনের অঙ্গীকারনামা
৭.	নূতন আগত পরিচালকদের জাতীয়তা সনদপত্র অথবা পাসপোর্টের কপি
৮.	প্রতিষ্ঠানের মালিক/পরিচালকদের নাম, পদবি, বর্তমান ও স্থায়ী ঠিকানা, জাতীয় পরিচয়পত্রের কপি, পাসপোর্ট এর কপি (প্রযোজ্য ক্ষেত্রে), স্বাক্ষর এবং ছবি নোটারি পাবলিক ও লিয়েন ব্যাংক কর্তৃক সত্যায়নপূর্বক ১৫০ (একশত পঞ্চাশ) টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে দাখিল
৯.	লিয়েন ব্যাংকের অনাপত্তিপত্র ও ব্যাংক কর্তৃক নূতন মালিকদের বন্ড সম্পাদনের সক্ষমতার বিষয়ে প্রত্যয়নপত্র

Downloaded from www.taxvatpoint.com

Downloaded from www.taxvatpoint.com

[তফসিল-৪]
[বিধি ৬ দ্রষ্টব্য]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
..... কমিশনারেট
হস্তান্তরযোগ্য নয়
বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্স
[কাস্টমস আইন, ২০২৩ এর ধারা ১২ (১) মোতাবেক প্রদত্ত]

লাইসেন্স নং---------- তারিখ----------

১. (ক) শিল্প প্রতিষ্ঠানের নাম :
(খ) TIN :

২. (ক) অফিসের পূর্ণ ঠিকানা :
(খ) ফোন ও ফ্যাক্স নম্বর :
(গ) ই-মেইল :

৩. (ক) ফ্যাক্টরীর/ব্যবসায় অঙ্গনের পূর্ণ ঠিকানা :
(খ) ফোন ও ফ্যাক্স নম্বর :
(গ) ই-মেইল :

৪. অফিস/ফ্যাক্টরী ভবনের মালিকানা : নিজস্ব/ভাড়া করা

৫. প্রতিষ্ঠানের মালিক/ব্যবস্থাপনা অংশীদার/ব্যবস্থাপনা পরিচালকের বর্ণনা:

প্রতিষ্ঠানের মালিক/ ব্যবস্থাপনা অংশীদার/ ব্যবস্থাপনা পরিচালকের নাম, পিতা/স্বামীর নাম	পেশা ও জাতীয়তা	স্থায়ী ঠিকানা	বর্তমান ঠিকানা	স্বাক্ষর

৬. প্রতিষ্ঠানের অন্যান্য অংশীদার/পরিচালকমন্ডলীর বর্ণনা:

প্রতিষ্ঠানের মালিক/ ব্যবস্থাপনা অংশীদার/ ব্যবস্থাপনা পরিচালকের নাম, পিতা/স্বামীর নাম	পেশা ও জাতীয়তা	স্থায়ী ঠিকানা	বর্তমান ঠিকানা	স্বাক্ষর

Downloaded from www.taxvatpoint.com

৭. বিজি BGMEA/BKMEA সরকার অনুমোদিত সংশ্লিষ্ট সমিতির সদস্যপদের
তারিখ:
সদস্য পদ নম্বর:

৮. বিনিয়োগ বোর্ড নিবন্ধন নম্বর:
তারিখ:

৯. ERC নম্বর:
তারিখ:

১০. IRC নম্বর:
তারিখ:

১১. মূসক রেজিস্ট্রেশন নম্বর (BIN):
তারিখ:

১২. লিয়েন ব্যাংকের নাম, ঠিকানা ও ফোন নম্বর:

১৩. শিল্প প্রতিষ্ঠান কর্তৃক উৎপাদিত পণ্যের বিবরণ (বিনিয়োগ বোর্ডের নিবন্ধন অনুযায়ী):

১৪. শিল্প প্রতিষ্ঠান কর্তৃক উৎপাদিত পণ্যের (পণ্য ভিত্তিক) বার্ষিক উৎপাদন ক্ষমতা (কাস্টমস কর্তৃপক্ষের সরেজমিনে তদন্ত প্রতিবেদন অনুযায়ী):

১৫. উক্ত পণ্য তৈরিতে ব্যবহার্য কাঁচামালের বিবরণ (H. S. Code সহ প্রয়োজনে লাইসেন্স প্রদানকারীর স্বাক্ষরসহ অতিরিক্ত পৃথক কাগজ ব্যবহার করা যাইবে, সেই ক্ষেত্রে এই অনুচ্ছেদে অতিরিক্ত ব্যবহৃত মোট পাতার সংখ্যা উল্লেখ করিতে হইবে);

১৬. বন্ডেড ওয়্যারহাউস সংশ্লিষ্ট কাস্টমস দলিলাদিতে স্বাক্ষর প্রদানকারীর বিবরণ:

নাম	পদমর্যাদা	ফোন ও ফ্যাক্স নম্বর	নমুনা স্বাক্ষর (ব্যাংক একাউন্ট পরিচালনায় ব্যবহৃত স্বাক্ষর

১৭. বন্ডেড ওয়্যারহাউসের মোট আয়তন:

১৮. কাঁচামাল মজুদের পণ্যগারের আয়তন:

১৯. তৈরি পণ্য মজুদের পণ্যাগারের আয়তন:

২০. প্রক্রিয়াকরণের জন্য বন্ডেড ওয়্যারহাউসে/পণ্যাগারে যে সব কাঁচামাল ইন্টু বন্ড হইবে (প্রয়োজনে ১৫ অনুচ্ছেদের ন্যায় অতিরিক্ত কাগজ ব্যবহার করা যাইবে):

বর্ণনা	এইচএস কোড	বার্ষিক আমদানি প্রাপ্যতা (পরিমাণ)

২১. বার্ষিক আমদানি প্রাপ্যতা, কাঁচামাল মজুদের জন্য পণ্যাগারের ধারণক্ষমতা, রপ্তানি দক্ষতা (Performance) (প্রযোজ্য ক্ষেত্রে) এবং জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক নির্ধারিত

Downloaded from www.taxvatpoint.com

নীতিমালা (যদি থাকে) ভিত্তিতে এককালীন সর্বোচ্চ আমদানি প্রাপ্যতা/বন্ডিং ক্যাপাসিটি (পরিমাণ):

২২. অপর পৃষ্ঠায় বর্ণিত শর্তাবলি প্রতিপালন করিবেন এই শর্তে মেসার্স ..... এর অনুকূলে এই লাইসেন্স মঞ্জুর করা হইল।

তারিখ:

কমিশনার

লাইসেন্সি কর্তৃক পালনীয় শর্তাবলি

১. এই লাইসেন্স হস্তান্তরযোগ্য নয়।

২. পণ্যাগারে রক্ষিত পণ্যের নিরাপদ সংরক্ষণের জন্য প্রযোজ্য সকল আইন মানিয়া চলিতে লাইসেন্সি তথা বন্ডার বাধ্য থাকিবেন।

৩. ওয়্যারহাউস লাইসেন্সপ্রাপ্ত প্রতিষ্ঠানের প্রাঙ্গণে কাঁচামাল মজুদের পণ্যাগার, উৎপাদনের এলাকা, উৎপাদিত পণ্য মজুদের পণ্যাগারে ও অফিসকক্ষ সুচিহ্নিত ও সুরক্ষিত হইতে হইবে। পণ্যাগারে রক্ষিত কাঁচামাল ও উৎপাদিত পণ্য এমনভাবে রক্ষিত হইবে যাহাতে কাঁচামাল ও উৎপাদিত পণ্য সহজে পরিদর্শন করা যায়। উৎপাদিত প্যাকেজ বা পণ্যের পরিমাণ পণ্যাগারে ধারণক্ষমতার অধিক হইবে না। লাইসেন্সিং কর্তৃপক্ষের নির্দেশানুযায়ী পণ্যাগারে মজুদের ব্যবস্থা করিতে হইবে।

৪. লাইসেন্সি তাহার পণ্যের মজুদ বই বা বন্ড রেজিস্টার এমনভাবে সংরক্ষণ করিবেন যাহাতে মজুদ পণ্যের পরিমাণ সহজেই পরীক্ষা করা যায়। কাস্টমস অফিসার যখনই মজুদ বই তলব করিবেন তখনই তাহা পেশ করিতে হইবে।

৫. জাতীয় রাজস্ব বোর্ড ও কাস্টমস কর্তৃপক্ষ কর্তৃক ওয়্যারহাউস পরিচালনা বিষয়ে জারিকৃত প্রজ্ঞাপন/বিধিমালা/আদেশ/নির্দেশ মানিয়া চলিতে লাইসেন্সি বাধ্য থাকিবেন।

৬. ওয়্যারহাউস লাইসেন্সের আওতায় পণ্য আমদানি ও রপ্তানির ক্ষেত্রে বিদ্যমান আমদানি নীতি ও রপ্তানি নীতির বিধি-বিধান মানিয়া চলিতে লাইসেন্সি বাধ্য থাকিবেন।

৭. লাইসেন্সের দ্বিতীয় পৃষ্ঠায় বা সময় সময় লাইসেন্সিং কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সংযোজিত অতিরিক্ত পৃষ্ঠায় বর্ণিত কাঁচামাল ব্যতীত অন্য কোনো প্রকার পণ্য ওয়্যারহাউস লাইসেন্সিং সুবিধায় খালাস দেয়া হইবে না।

৮. ওয়্যারহাউস লাইসেন্সের ক্ষেত্রে লাইসেন্স প্রদানের ভিত্তিতে বার্ষিক নিরীক্ষার জন্য প্রয়োজনীয় দলিলাদি লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট লাইসেন্সের মেয়াদ ১ (এক) বৎসর সমাপ্ত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিনের মধ্যে জমা প্রদান করিতে হইবে।

Downloaded from www.taxvatpoint.com

৯. প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট যুগ্ম কমিশনার অথবা অতিরিক্ত কমিশনার অথবা কমিশনারের নিকট সকল মালিকগণ সাক্ষাৎকার প্রদানে বাধ্য থাকিবেন।

১০. লাইসেন্সধারী প্রতিষ্ঠানের গঠনতন্ত্র বা ব্যবস্থাপনা পরিষদের যে কোনো পরিবর্তন, ওয়্যারহাউস স্থানান্তর বা সম্প্রসারণ বা কোনোরূপ পরিবর্তন/পরিবর্ধনের ক্ষেত্রে লাইসেন্সিং কর্তৃপক্ষের পূর্বানুমতি গ্রহণ করিতে হইবে এবং এই মর্মে লাইসেন্স সংশোধিত না হওয়া পর্যন্ত যে কোনো পরিবর্তন অবৈধ ও কাস্টমস আইনের ব্যত্যয় হিসাবে গণ্য করিয়া আইনানুগভাবে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হইবে।

১১. কাস্টমস আইন, ২০২৩ এর ষোড়শ অধ্যায় এ বর্ণিত বিধান এবং জাতীয় রাজস্ব বোর্ড ও সংশ্লিষ্ট লাইসেন্সিং কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় জারিকৃত আদেশ এই বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সের জন্য প্রযোজ্য হইবে।

আমি এবং লাইসেন্সপ্রাপ্ত প্রতিষ্ঠানের সকলে উপরে বর্ণিত সকল শর্তাবলি সকল সময় যথাযথভাবে পালন করিব। অন্যথায় লাইসেন্সিং কর্তৃপক্ষ আইনতঃ যে কোনো ব্যবস্থা গ্রহণ করিলে আমরা তাহা মানিয়া নিতে বাধ্য থাকিব।

তারিখ:

.....
(মালিক/ব্যবস্থাপনা অংশীদার/
ব্যবস্থাপনা পরিচালকের স্বাক্ষর)

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-
আবু হেনা মোঃ রহমাতুল মুনিম
সিনিয়র সচিব।

Downloaded from www.taxvatpoint.com

Downloaded from www.taxvatpoint.com